



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
কলাপাড়া, পটুয়াখালী  
www.kalapara.patuakhali.gov.bd



নম্বর : ০৫.১০.৭৮৬৬.১০১.০১.০৪৭.২১-৪১৭

তারিখ: ১৩ বৈশাখ ১৪২৯  
২৬ এপ্রিল ২০২২

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রাম পুলিশ বাহিনীর গঠন, প্রশিক্ষণ, শৃঙ্খলা ও চাকুরির শর্তাবলী সম্পর্কিত বিধিমালা, ২০১৫ এর ৩ ধারা মোতাবেক কলাপাড়া উপজেলার (১) চাকামইয়া (২) টিয়াখালী (৩) লালুয়া (৪) মিঠাগঞ্জ (৫) নীলগঞ্জ (৬) মহিপুর (৭) লতাচাপলী (৮) খানখালী (৯) ধূলাসার (১০) ডালবুগঞ্জ এবং (১১) চম্পাপুর পার্শ্বে বর্ণিত মহল্লাদারের শূন্য পদে (গ্রাম পুলিশ) নিম্নবর্ণিত শর্তাবলী ও শিক্ষাগত যোগ্যতা সাপেক্ষে আগ্রহী প্রার্থী কর্তৃক স্ব-হস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রমিক	ইউনিয়নের নাম	ইউনিয়নের যে ওয়ার্ডে লোক নিয়োগ করা হবে	শিক্ষাগত যোগ্যতা
১	চাকামইয়া	৭ নং ওয়ার্ড= ০১ (এক) জন।	কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান হতে অষ্টম শ্রেণী উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
২	টিয়াখালী	৩ নং ওয়ার্ড= ০১ (এক) জন।	
৩	লালুয়া	২, ৪, ৫, ৬, ৭ নং ওয়ার্ড= ০৫ (পাঁচ) জন।	
৪	মিঠাগঞ্জ	৬ নং ওয়ার্ড= ০১ (এক) জন।	
৫	নীলগঞ্জ	৬, ২ নং ওয়ার্ড= ০২ (দুই) জন।	
৬	মহিপুর	৬ নং ওয়ার্ড= ০১ (এক) জন।	
৭	লতাচাপলী	১, ২, ৪, ৭, ৮ নং ওয়ার্ড= ০৫ (পাঁচ) জন।	
৮	খানখালী	২, ৫, ৬ নং ওয়ার্ড= ০৩ (তিন) জন।	
৯	ধূলাসার	৩, ৪ নং ওয়ার্ড= ০২ (দুই) জন।	
১০	ডালবুগঞ্জ	৪, ৭ নং ওয়ার্ড= ০২ (দুই) জন।	
১১	চম্পাপুর	৯ নং ওয়ার্ড= ০১ (এক) জন।	

### শর্তাবলী

- প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক এবং সংশ্লিষ্ট ইউনিয়ন ও ওয়ার্ডের স্থায়ী বাসিন্দা হতে হবে।
- প্রার্থীর উচ্চতা (পুরুষ প্রার্থীর ক্ষেত্রে) (ক) সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট ২ ইঞ্চি (খ) বুকের মাপ ৩০ ইঞ্চি (স্বাভাবিক); ৩২ ইঞ্চি (সম্প্রসারণ) (গ) সর্বনিম্ন ওজন ৫০ কেজি। (মহিলা প্রার্থীর ক্ষেত্রে) (ক) সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট (খ) বুকের মাপ ২৮ ইঞ্চি (স্বাভাবিক); ৩০ ইঞ্চি (সম্প্রসারণ) (গ) সর্বনিম্ন ওজন ৪৫ কেজি।
- আবেদন পত্রে (ক) প্রার্থীর নাম (খ) পিতার নাম (গ) মাতার নাম (ঘ) জন্ম তারিখ (ঙ) বয়স (২৫-০৫-২০২২ তারিখে) (চ) স্থায়ী ঠিকানা (ছ) বর্তমান ঠিকানা (জ) জাতীয়তা (ঞ) ধর্ম (ট) শিক্ষাগত যোগ্যতা (ঠ) কোটা ইত্যাদি উল্লেখ করতে হবে।
- আবেদনকারীকে আবেদনপত্রের সাথে ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি ১ম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত করে সংযুক্ত করতে হবে।
- শিক্ষাগত যোগ্যতা সনদ এবং জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।
- ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক নাগরিক সনদ এবং ১ম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক চারিত্রিক সনদ আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।
- আবেদন পত্র উপজেলা নির্বাহী অফিসার, কলাপাড়া বরাবর আগামী ২৫ মে ২০২২ তারিখের মধ্যে ডাকযোগে পৌঁছাতে হবে। নির্ধারিত সময়ের পরে কোন আবেদন গ্রহণযোগ্য হবে না।
- সংশ্লিষ্ট ওয়ার্ডে যোগ্য প্রার্থী পাওয়া না গেলে পাশ্চাতী ওয়ার্ড কিংবা ইউনিয়ন হতে লোক নিয়োগ করা যাবে।
- বাই সাইকেল চালনায় পারদর্শী ও পোষ্য প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।
- প্রার্থীর বয়স আগামী ২৫ মে ২০২২ তারিখের মধ্যে ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা ও অন্যান্য কোটা ও বয়স সরকারি নীতিমালা মোতাবেক সংরক্ষণ করা হবে।
- আবেদনের সাথে ১০০/- (একশত) টাকার অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডার উপজেলা নির্বাহী অফিসার, কলাপাড়া বরাবর দাখিল করতে হবে।
- প্রার্থীর বর্তমান ঠিকানা স্পষ্টভাবে লিখে ৯.৫X৪.৫ সাইজের একটি ফেরত খামে ১০ টাকার ডাক টিকেট সহ সংযুক্ত করতে হবে।

*(Signature)*